ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

স-৬০৫

জিরানীয়া, ৮ মে, ২০২৫

**এমজিএন রেগায় পূর্ব দেবেন্দ্রনগর গ্রাম পঞ্চায়েতে উন্নয়নমূলক কাজ**

এমজিএন রেগায় গত অর্থবছরে পূর্ব দেবেন্দ্রনগর গ্রাম পঞ্চায়েতে বিভিন্ন উন্নয়নমূলক কাজ বাস্তবায়ন করা হয়েছে। এতে মোট ব্যয় হয়েছে ৪৩ লক্ষ ২ হাজার ৭৬০ টাকা। এরমধ্যে পঞ্চায়েত এলাকায় নতুন ব্রিক সলিং রাস্তা নির্মাণ, গ্রামীণ সড়কগুলিতে স্ট্রিট লাইট স্থাপন, গ্রামীণ পরিবেশ সুস্থ রাখার জন্য সেগ্রিগেশন ডাস্টবিন প্রদান, জমি সমতলকরণ, কৃষি কাজের জন্য নালা নির্মাণ প্রভৃতি কাজ সম্পন্ন করা হয়েছে। এর ফলে ১,৭৭৮০টি শ্রমদিবস সৃষ্টি হয়েছে। প্রধানমন্ত্রী আবাস যোজনায় (গ্রামীণ) ২০০টি পরিবারকে পাকা গৃহ নির্মাণ করে দেওয়া হয়েছে। এতে প্রতি সুবিধাভোগী পিছু ব্যয় হয়েছে ১ লক্ষ ৩০ হাজার টাকা। পঞ্চদশ অর্থ কমিশনের অর্থিক সহায়তায় একটি কমিউনিটি শৌচালয় নির্মাণ করা হয়েছে। এতে ব্যয় হয়েছে ১ লক্ষ ৫০ হাজার টাকা। কৃষি ও কৃষক কল্যাণ দপ্তরের পক্ষ থেকে ৭৭ জন কৃষককে আমন ধানের বীজ দেওয়া হয়েছে। ৫ জন কৃষককে শীতকালীণ সবজির বীজ প্রদান করা হয়েছে। ৪ জনকে গ্রীষ্মকালীন সবজির বীজ দেওয়া হয়েছে। মৎস্য দপ্তরের পক্ষ থেকে ২১ জন মৎস্যচাষীকে বিভিন্ন প্রজাতির মাছের পোনা বিতরণ করা হয়েছে। দেবেন্দ্রনগর গ্রাম পঞ্চায়েত কার্যালয় থেকে এই সংবাদ জানানো হয়েছে।

*****